

জাবিতে শেখ পরিবারের নামে থাকা চার হলের নাম পরিবর্তন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শেখ
হাসিনাসহ পরিবারটির সদস্যদের নামে থাকা
চারটি হলের নাম পরিবর্তন করা হয়েছে। গত
বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
মোহাম্মদ কামরুল আহসানের সভাপতিত্বে
সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সিন্ডিকেটের সদস্যসচিব ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
এ বি এম আজিজুর রহমান গতকাল বলেন,
শেখ হাসিনা হলের নাম পরিবর্তন করে
‘জুলাই-২৪ জাগরণী হল’, বঙ্গমাতা বেগম
ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম ‘শহীদ
ফেলানী হল’, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

হলের নাম ‘শেরেবাংলা এ কে ফজলুল হক হল’

এবং শেখ রাসেল হলের নাম পরিবর্তন করে

‘নবাব সলিমুল্লাহ হল’ করা হয়েছে।